

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

স্থান: কামারখালী ইউ.পি.সি ভবন।

তারিখ: ২৮/০১/২০২৩ ইং

সময়: সকাল ১০.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান।

উপস্থিত সদস্যবৃন্দের নাম

১. জনাব মমতাজ বেগম
২. জনাব মোছাঃ জহুরা বেগম
৩. জনাব মোছাঃ আসমা বেগম
৪. জনাব মোঃ জসিম শেখ
৫. জনাব মোঃ আলমগীর হোসেন
৬. জনাব মোঃ গোলাম হুরোয়ার
৭. জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী
৮. জনাব মোঃ মতিয়ার রহমান
৯. জনাব মোঃ আশরাফ মোল্যা
১০. জনাব মোঃ আবুল কালাম আজাদ
১১. জনাব মোঃ সাজেদুল ইসলাম
১২. জনাব মোঃ নুরুল ইসলাম মোল্যা

আলোচ্য বিষয়ঃ

০১. গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।

০২. ২০২২-২০২৩ অর্থবছরে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অধীনে, স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর এর আওতায় প্রতিটি ওয়ার্ড সভার মাধ্যমে চাহিদা মোতাবেক স্কিমের যাচাই-বাছাই অন্তর্গত চূড়ান্তভাবে তালিকা প্রস্তুত পূর্বক বিজিসিসি মিটিংয়ে প্রেরণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ-অদ্য জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে জানুয়ারি/২০২৩ ইং মাসের সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করা হইল।

সভায় সভাপতি মহোদয় ইউপি উন্নয়ন সহায়তা তহবিল প্রকল্পের প্রস্তাবনা সম্পর্কে আলোকপাত করেন। সভাপতি মহোদয় আরও বলেন যে, ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতে ইউনিয়ন পরিষদের অনুকূলে থোক বরাদ্দ পাওয়া যাইবে। ওয়ার্ড নং ৪ উন্মুক্ত ওয়ার্ড সভায় বিস্তারিত আলোচনাতে অগ্রাধিকার এর ভিত্তিতে স্কিমগুলো অত্র কার্যালয়ে প্রস্তাবনা পাঠান। ২০২২-২৩ অর্থবছরে (০১) ওয়ার্ড নং-৪ এ গন্ধখালী পশ্চিমপাড়া মসজিদ হইতে সোলায়ামান মুন্সীর বাড়ী পর্যন্ত রাস্তার ইটের ফ্ল্যাট সোলিং বাবদ ৮০,০০০/=কথায়: (আশি হাজার) টাকা, (০২) ওয়ার্ড নং- ০৭ এ রাজধরপুর শাহাতাব বাড়ী হইতে চৌধুরী বাড়ী পর্যন্ত ইট দ্বারা রাস্তার ফ্ল্যাট সোলিং নির্মাণ বাবদ ৭৫,০০০/=কথায়: (পঁচাত্তর হাজার) টাকা, (০৩) কামারখালী ইউনিয়নে বিভিন্ন স্থানে (ওয়ার্ড নং-৪,৫ ৬) গভীর নলকূপ সরবরাহ ও স্থাপন বাবদ ৭৫,০০০/-কথায়: (পঁচাত্তর হাজার) এবং (০৪) কামারখালী ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের আসবাবপত্র সরবরাহ বাবদ ১,৪৪,৮০০/-কথায়: (এক লক্ষ চুয়াল্লিশ হাজার আটশত) টাকার বরাদ্দ পাওয়া যাইবে। যাহা ২০২২-২০২৩ অর্থবছরে উক্ত টাকা দ্বারা নীতিমালা অনুযায়ী প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করিতে হইবে। ওয়ার্ডগুলি হইতে উন্মুক্ত ওয়ার্ড সভার মাধ্যমে উপস্থিত জনগণ তাদের চাহিদা মোতাবেক স্কিমের তালিকা ইউপি অফিসে জমা দেওয়ার পর যাচাই বাছাই করার জন্য স্ব-স্ব স্ট্যাডিং কমিটির নিকট প্রেরণ করা হয়। তারপর উক্ত কমিটি যাচাই বাছাই করিয়া চলতি অর্থ বছরে বাস্তবায়ন যোগ্য স্কিমের তালিকা পুনরায় ইউপি অফিসে জমা দিয়াছে। এখন উক্ত স্কিম অত্র সভায় অনুমোদন করিয়া চূড়ান্ত অনুমোদনের জন্য ব্লক গ্রান্ড কো- অর্ডিনেশন কমিটিতে (বিজিসি) প্রেরণ করা প্রয়োজন। তখন সভায় বিস্তারিত আলোচনাতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে স্ট্যাডিং কমিটির সুপারিশ অনুযায়ী যাচাই বাছাই সাপেক্ষে নিম্নলিখিত স্কিমটি চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা বিজিসি সভায় প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হইলো।

২০২২-২০২৩ অর্থবছর

ক্রমিক নং	স্কিমের নাম	ওয়ার্ড নম্বর	বরাদ্দ	মন্তব্য
০১.	গন্ধখালী পশ্চিমপাড়া মসজিদ হইতে সোলায়ামান মুন্সীর বাড়ী পর্যন্ত রাস্তার ইটের ফ্ল্যাট সোলিং নির্মাণ।	০৪	৮০,০০০/=	
০২.	রাজধরপুর শাহাতাব বাড়ী হইতে চৌধুরী বাড়ী পর্যন্ত ইট দ্বারা রাস্তার ফ্ল্যাট সোলিং নির্মাণ এবং	০৭	৭৫,০০০/=	
০৩	কামারখালী ইউনিয়নে বিভিন্ন স্থানে (ওয়ার্ড নং-৪,৫ ৬) গভীর নলকূপ সরবরাহ ও স্থাপন।	০৪,০৫,০৬	৭৫,০০০/=	
০৪	কামারখালী ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের আসবাবপত্র সরবরাহ বাবদ	০৬	১,৪৪,৮০০/-	
	মোট:	-	৩,৭৪,৮০০/-	

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ শেষ করেন।



২৮/০১/২০২৩
(মোঃ রাকিব হোসেন চৌধুরী)

সভাপতি ও

চেয়ারম্যান

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ
মধুখালী, ফরিদপুর।